













কিছু সংখ্যক প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণীতে আনন্দঘন পরিবেশে পাঠদান পরিচালনা করা হলেও অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে তা হচ্ছে না। আবার বিদ্যালয়ের সবচেয়ে ভালো কক্ষটিকে প্রাক-প্রাথমিক শ্রেণীকক্ষ হিসেবে ব্যবহারের নির্দেশনা থাকলেও অনেক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণীটি অবহেলিত। এমনকি অনেক বিদ্যালয়ে বারান্দায় এবং গাছতলায় প্রাক-প্রাথমিক শ্রেণীর কার্যক্রম পরিচালনা করতে দেখা যায়। বছর বছর প্রাক-প্রাথমিক শ্রেণী সজ্জিতকরণের জন্য বরাদ্দ প্রদান করা হলেও অধিকাংশ বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণী নীতিমালা অনুযায়ী সজ্জিত করা হয়নি। প্রাক-প্রাথমিক শ্রেণীতে চারটি কর্ণার (কল্পনার কর্ণার, ব্লক ও নাড়াচড়ার কর্ণার, বই ও আঁকার কর্ণার, বালি ও পানির কর্ণার) থাকার কথা থাকলেও খুব কম সংখ্যক বিদ্যালয়ে তা দেখা যায়। অনেক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণীতে প্রয়োজনীয় উপকরণ পর্যন্ত নেই। কিছু শিক্ষক শিক্ষক-সহায়িকা যথাযথভাবে অনুসরণ না করে গতানুগতিকভাবে শ্রেণী কার্যক্রম পরিচালনা করছেন। অনেক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষার্থীদের যথাযথ নিয়মে মূল্যায়ন করা হচ্ছে না। শিক্ষক-সহায়িকায় অনানুষ্ঠানিক, গাঠনিক ও ধারাবাহিক মূল্যায়ন (One to one approach) করার জন্য নির্দেশনা থাকলেও অধিকাংশ বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণীতে আনুষ্ঠানিক ও সাময়িক মূল্যায়ন করা হচ্ছে। শিক্ষক-সহায়িকায় প্রদত্ত ছকে ধারাবাহিক মূল্যায়ন করা হচ্ছে না।

একটি শিশুর প্রাক-প্রাথমিক স্তর সফলভাবে সমাপনের মূল দায়িত্ব বর্তায় প্রাক-প্রাথমিক শিক্ষকের ওপর। শ্রেণীকক্ষে একটি শিশুবান্ধব পরিবেশ তৈরি ও বজায় রেখে যথাযথভাবে শিখন-শেখানো প্রক্রিয়া পরিচালনা করা একজন শিক্ষকের প্রধান দায়িত্ব। প্রাক-প্রাথমিক শিক্ষককে তাই হতে হবে বন্ধুর মতো। শিশুর সঙ্গে তিনি এমনভাবে মিশে যাবেন, কথা বলবেন অথবা যোগাযোগ ও মিথস্ক্রিয়া স্থাপন করবেন যাতে শিশু পরম আস্থার সঙ্গে তার ওপর নির্ভর করতে পারে। প্রাক-প্রাথমিক স্তরের শিখন-শেখানো প্রক্রিয়ায় শিক্ষকের ভূমিকা হবে তাই সহায়তাকারীর যিনি শিশুবান্ধব পরিবেশ তৈরি করে পদে পদে শিশুকে নানা কাজে সম্পৃক্ত হওয়ার সুযোগ করে দিয়ে তাকে নানাভাবে শিখনে সহায়তা করবেন। প্রাক-প্রাথমিক শিক্ষার সুফল পেতে হলে সর্বাত্মক প্রয়োজন প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে নির্ধারিত উপকরণসমৃদ্ধ আলাদা শ্রেণিকক্ষে শিক্ষক-সহায়িকায় প্রদত্ত নির্দেশনা মোতাবেক প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিচালনার ব্যবস্থা করা এবং বছর শেষে নির্ধারিত

